



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

# তথ্য অধিদফতর



PRESS INFORMATION DEPARTMENT, GOVERNMENT OF THE PEOPLE'S REPUBLIC OF BANGLADESH

তথ্যবিবরণী

নম্বর-১৯

## পিআইডি'র ব্রোমাইড প্রিন্টার আব্দুল বারিক এর ইন্তেকাল

রাজশাহী; ০৮ অগ্রহায়ণ (২৩ নভেম্বর):

রাজশাহী আঞ্চলিক তথ্য অফিসের (পিআইডি) ব্রোমাইড প্রিন্টার আব্দুল বারিক ইন্তেকাল করেছেন (ইন্না লিল্লাহি ওয়া ইন্না ইলাইহি রাজিউন)। তিনি মঙ্গলবার (২২ নভেম্বর) দিবাগত রাত দেড়টায় হৃদরোগে আক্রান্ত হয়ে রাজশাহী মেডিকেল কলেজ হাসপাতালে ইন্তেকাল করেন। মৃত্যুকালে তাঁর বয়স হয়েছিল ৫২ বছর। দীর্ঘদিন ধরে তিনি ডায়াবেটিসসহ বিভিন্ন শারীরিক জটিলতায় ভুগছিলেন।

মৃত্যুকালে তিনি স্ত্রী, এক ছেলে ও এক মেয়েসহ অসংখ্য গুণগ্রাহী রেখে গেছেন। তিনি ১৯৯১ সালে রাজশাহী আঞ্চলিক তথ্য অফিসে ডার্করুম সহকারী হিসেবে যোগদান করে ২০০১ সালে ব্রোমাইড প্রিন্টার পদে পদোন্নতি লাভ করেন। চাকুরিকালে তিনি সততা ও নিষ্ঠার সঙ্গে দায়িত্ব পালন করে আসছিলেন। তাঁর গ্রামের বাড়ি বগুড়া জেলার সারিয়াকান্দি উপজেলায়।

তাঁর মৃত্যুতে প্রধান তথ্য অফিসার মোঃ শাহেনুর মিয়া ও রাজশাহী পিআইডি'র উপপ্রধান তথ্য অফিসার মোঃ তোহিদুজ্জামান গভীর শোক প্রকাশ করেছেন। মরহুমের বিদেহী আত্মার মাগফেরাত কামনা করে তাঁরা শোকসন্তপ্ত পরিবারের প্রতি সমবেদনা জানান।

.....  
তোহিদুজ্জামান/আতিক/সিকান্দার/রঞ্জল/২০২২/১৭.০০ষ.